# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১
**Website:** www.bmeb.gov.bd, **E-mail:** info@bmeb.gov.bd

নং-বামাশিবো/প্রশা/২৩৩২৫১১৫১৪৫১/বাগেরহাট-৭৬/২৮২ তারিখ: ২৪ পৌষ ১৪৩২ / ০৮ জানুয়ারী ২০২৬

**বিষয় : অভিযোগের বিষয়ে তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে বাগেরহাট জেলার মোরেলগঞ্জ উপজেলাধীন জি. বি. আমেনা খাতুন বালিকা দাখিল মাদ্রাসার ভারপ্রাপ্ত সুপার ও করনিক স্বাক্ষর জাল জালিয়াতির মাধ্যমে ম্যানেজিং কমিটি গঠন করে বোর্ডে দাখিল করেছেন মর্মে মোঃ ইব্রাহিম খান (প্রতিষ্ঠাতা) অভিযোগ দাখিল করেছেন (কপি সংযুক্ত)।

এমতাবস্থায় অভিযোগ সংক্রান্ত সার্বিক বিষয়ে সরেজমিনে তদন্ত পূর্বক সুস্পষ্ট মতামতসহ নিম্ন স্বাক্ষরকারী বরাবর প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

সংযুক্তি: বর্ণনা মোতাবেক ০১ (এক) পাতা।

০৮.১.২৬
প্রফেসর ছালেহ আহমাদ
রেজিস্ট্রার
ফোন: ৯৬১২৮৫৮
ই-মেইল: registrar@bmeb.gov.bd

উপজেলা নির্বাহী অফিসার
মোড়েলগঞ্জ, বাগেরহাট।

নং-বামাশিবো/প্রশা/২৩৩২৫১১৫১৪৫১/বাগেরহাট-৭৬/ তারিখ: ২৪ পৌষ ১৪৩২ / ০৮ জানুয়ারী ২০২৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১. জেলা প্রশাসক, বাগেরহাট;
২. জেলা শিক্ষা অফিসার, বাগেরহাট;
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মোড়েলগঞ্জ, বাগেরহাট;
৪. সুপার/ভারপ্রাপ্ত সুপার, জি, বি, আমেনা খাতুন বালিকা দাখিল মাদ্রাসা, ডাকঘর-ফকিরবাড়ী, মোড়েলগঞ্জ, বাগেরহাট;
৫. জনাব মোঃ ইব্রাহীম খান(অভিযোগকারী), সাং-পূর্ব সরালিয়া, ৪নং ওয়ার্ড মোড়েলগঞ্জ পৌরসভা, বাগেরহাট;
৬. পি ও টু চেয়ারম্যান/ পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৭. আইন সেল, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৮. অফিস কপি।

০৮/০১/২৬
মোঃ আব্দুর রশিদ
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
ফোন: ৯৬৭৪৮৭৪
ই-মেইল: dradmin@bmeb.gov.bd

বরাবর,

চেয়ারম্যান মহোদয়,

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

বক্‌শি বাজার, ঢাকা।

বিষয়: জি, বি আমেনা খাতুন বালিকা দাখিল মাদ্রাসার ভারপ্রাপ্ত সুপার ও করনীক আমার স্বাক্ষর জাল জালিয়াতির মাধ্যমে ম্যানেজিং কমিটি গঠন করে মাদ্রাসা বোর্ডে দাখিল করিলে এবং আইনগত ভাবে আমাকে অধিকার থেকে বঞ্চিত করলে উক্ত অধিকার ফিরে পাওয়ার দাবিতে উক্ত কমিটির অনুমোদন বাতিল করণ ও জাল জালিয়াতির চক্রের বিরুদ্ধে তদন্তপূর্বক উপযুক্ত শাস্তি প্রদানের আবেদন প্রসঙ্গে।

জনাব,

যথাবিহীত সম্মান প্রদর্শন পূর্বক সবিনয় বিনীত নিবেদন এই যে, আমি নিম্ন সাক্ষরকারী বাগেরহাট জেলার মোড়েলগঞ্জ উপজেলাধীন জি, বি আমেনা খাতুন বালিকা দাখিল মাদ্রাসার সাবেক সুপার ও প্রতিষ্ঠাতা হইতেছি, বর্তমান মাদ্রাসার ভারপ্রাপ্ত সুপার এ. কে. এম; আলী হায়দার হাওলাদার। ও করণীক মোঃ জাহাঙ্গীর আলম খুব গোপনীয়তা রক্ষা করে চুপি চুপি কাউকে না জানিয়ে সুক্ষকারচুপির মাধ্যমে তাঁদের একান্ত নিজেদের আনুগত লোকদের নিয়ে ম্যানেজিং কমিটি গঠন করে, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ও প্রিজাইডিং অফিসারের নিকট সিডিউল অনুযায়ী মনোনয়ন পত্র দাখিল করেন, সিডিউল অনুযায়ী মনোনয়ন পত্র প্রত্যাহারের তারিখ ছিল ১৯/১০/২৫ ইং তারিখ। নির্ধারিত তারিখে কোন মনোনয়ন পত্র প্রত্যাহার না করায় এবং কোন পদে প্রতিদ্বন্দি প্রার্থী নাই যেহেতু মনোনয়ন পত্র দাখিলকারী সকলকে বিনা প্রতিদ্বন্দিতায় অদ্য ০২/১০/২৫ ইং তারিখ নির্বাচিত ঘোষনা করেন। অথচ আমি মোঃ ইব্রাহীম খান (প্রতিষ্ঠাতা) ভোটার নম্বর ০১ আমি অত্র মাদ্রাসায় বর্তমানে ম্যানেজিং কমিটির গঠনের জন্য কোন মনোনয়ন পত্র সংগ্রহ করি নাই। এবং মনোনয়ন পত্রে কোন স্বাক্ষর করি নাই। আমাকে প্রতিষ্ঠাতা পদে ভুয়া প্রার্থী দেখানো হয়েছে। আমাকে সহ অনেক ভোটারদেরকে কমিটি গঠনের বিষয়টি জানানো হয় নাই। বিষয়টি গত ০২/১১/২৫ ইং তারিখ আপনাকে লিখিতভাবে জানানো হইয়াছে এবং উপজেলা শিক্ষা অফিসার ও প্রিজাইডিং অফিসার জনাব মোঃ শহিদুল ইসলামকে ০২/১১/২৫ ইং তারিখ লিখিত অভিযোগ দিলে তিনি ঢাকায় প্রশিক্ষনরত থাকায় তাহার পক্ষে অফিস সহকারী মোঃ মনিরুজ্জামান অভিযোগ পত্রটি রিসিভ করে রাখেন। উপজেলা শিক্ষা অফিসার ০৫/১১/২৫ ইং তারিখ অফিস করেন। তাহার সাথে আমি দেখা করি এবং তাহাকে অভিযোগ পত্রের বিষয়টি অবহিত করি। তিনি আমাকে সান্তনার বানি শোনান। কিন্তু দেখা যায় যে, উপজেলা শিক্ষা অফিসার ও প্রিজাইডিং অফিসার জনাব মোঃ শহিদুল ইসলাম গত ০২/১১/২৫ ইং তারিখ ঢাকা প্রশিক্ষনরত ছিলেন। অন্যদিকে একই তারিখ ০২/১১/২৫ ইং অত্র মাদ্রাসার কমিটি গঠনের নির্বাচিত ফলাফল ঘোষনা পত্রে স্বাক্ষর করেন, বিষয়টি প্রশ্ন বিদ্ধ?

দেখা গেল যে, প্রিজাইডিং অফিসার আমার অভিযোগটির কোন ফয়সালা না করে অমিমাংশিত অবস্থায় মাদ্রাসার কমিটির সম্পূর্ন কাজ সমাপ্ত করে, ইহা অত্যন্ত দুঃখ জনক। মূলতঃ মাদ্রাসার পরিচালনার কর্তৃপক্ষ তাদের নিজ স্বার্থ ও আধিপত্য বিস্তারের লক্ষে প্রিজাইডিং অফিসারকে ম্যানেজ করে পূর্নাঙ্গ কমিটি গঠন করার জন্য আমাকে ভুয়া প্রার্থী দেখাইয়া জাল স্বাক্ষর করিয়া প্রতিষ্ঠাতা প্রার্থী সাজানো হয়েছে। আমি কখনও প্রার্থী হিসাবে আবেদন করি নাই। আমি মনোনয়ন পত্রে কোন স্বাক্ষর করি নাই। আমার নামাকরনে তারা স্বাক্ষর করিয়াছে। ইহাই সত্য।

অতএব, জনাবের নিকট প্রার্থনা এই যে, অত্র দরখাস্ত মঞ্জুর করতঃ ন্যায় বিচারের আলোকে তদন্ত পূর্বক দাখিলকৃত কমিটির কার্যক্রম বাতিল ও জাল স্বাক্ষর করার দায় এবং আইন গত অধিকার ফিরে পাওয়ার প্রার্থনায় তাদের বিরুদ্ধে আইনানুগভাবে শাস্তি প্রদানে জনাবের সদয় মর্জি হয়।

<u>সংযুক্তি ঃ</u>

(১) অবেদনকারীর জাতীয় পরিচয়পত্রের ফটোকপি।

(২) ০২/১১/২৫ ইং তাং আপনাকে অবগত করানোর ফটোকপি।

(৩) প্রিজাইডিং অফিসার কর্তৃক নির্বাচনীয় ফলাফলের ফটোকপি।

নিবেদক

২৩/১১/২০২৫ ইং

মোঃ ইব্রাহীম খান (প্রতিষ্ঠাতা)

জি, বি, আমেনা খাতুন বালিকা দাখিল মাদ্রাসা
বর্তমান ঠিকানা- গ্রাম- পূর্ব সন্যালিয়া, ৪ নং ওয়ার্ড
মোড়েলগঞ্জ পৌরসভা, জেলা- বাগেরহাট।
মোবাঃ ০১৭৪১-০১২/৭৪৫